DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 07:14 AM

আন্তর্জাতিক

# তুরস্ক-পাকিস্তান-সৌদি-মিশরকে নিয়ে জোট গঠনের প্রস্তাব ইরানের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৩ আগস্ট ২০২৬, ০৬:৩৪ PM



ছবি: ইরানের ভারপ্রাপ্ত প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল সাইয়েদ মজিদ ইবনে-রেজা।

মুসলিম দেশগুলোর সমন্বয়ে একটি যৌথ নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার আহ্বান জানিয়েছেন ইরানের ভারপ্রাপ্ত প্রতিরক্ষামন্ত্রী ব্রিগেডিয়ার জেনারেল সাইয়েদ মজিদ ইবনে-রেজা।

রোববার ( ২ আগস্ট) তুরস্কের প্রতিরক্ষামন্ত্রী ইয়াসার গুলারের সঙ্গে এক ফোনালাপে তিনি এই প্রস্তাব দেন। সেই সঙ্গে সতর্ক করেন, এ অঞ্চলে বাইরের কোনো শক্তির উপস্থিতি মধ্যপ্রাচ্য ও এর আশপাশে কেবল অস্থিতিশীলতাই উস্কে দেয়।

সাম্প্রতিক আঞ্চলিক যুদ্ধগুলোর কথা উল্লেখ করে জেনারেল ইবনে-রেজা বলেন, আঞ্চলিক নিরাপত্তা অবশ্যই এই অঞ্চলের দেশগুলোকেই নিশ্চিত করতে হবে। নিরাপত্তা একটি সম্পূর্ণ অভ্যন্তরীণ বিষয় উল্লেখ করে তিনি বলেন, কোনো বহিঃআঞ্চলিক শক্তির ওপর নির্ভর করে কখনোই স্থায়ী নিরাপত্তা প্রতিষ্ঠা করা সম্ভব নয়। এজন্য তিনি ইরান, তুরস্ক, পাকিস্তান, সৌদি আরব ও মিশরসহ অন্যান্য মুসলিম দেশগুলোকে

নিয়ে একটি যৌথ নিরাপত্তা জোট গঠনের জোরাল প্রস্তাব দেন এবং তুরস্কসহ অন্যান্য আঞ্চলিক দেশের সঙ্গে যৌথ আলোচনা চালিয়ে যেতে তেহরান প্রস্তুত রয়েছে বলে জানান।

আঞ্চলিক স্থিতিশীলতা ফেরানো এবং বন্ধুপ্রতিম প্রতিবেশী দেশগুলোর অনুরোধেই যুক্তরাষ্ট্রের সঙ্গে যুদ্ধবিরতির সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে বলে জানান ইরানের এই প্রতিরক্ষা কর্মকর্তা। তবে ওয়াশিংটনের কথা রাখার দীর্ঘ ইতিহাস না থাকায় ইরান অপর পক্ষের ওপর অন্ধভাবে আস্থা রাখছে না বলে উল্লেখ করে তিনি জানান, যুদ্ধবিরতির যেকোনো ধরনের লঙ্ঘন হলে তার যথাযথ জবাব দিতে সশস্ত্র বাহিনী পুরোপুরি প্রস্তুত রয়েছে।

গাজা, লেবানন, সিরিয়া এবং ইরানে ইসরায়েলি সামরিক আগ্রাসনের তীব্র নিন্দা জানিয়ে ইরানের ভারপ্রাপ্ত প্রতিরক্ষামন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের রাজনৈতিক ও সামরিক সমর্থনই জায়নবাদী শাসনের টিকে থাকাকে দীর্ঘায়িত করছে এবং তাদের বেপরোয়া করে তুলেছে। হিজবুল্লাহর বিরুদ্ধে নতুন ফ্রন্ট খোলার মার্কিন সাম্প্রতিক হুমকি পুরো অঞ্চলকে নতুন নিরাপত্তা ঝুঁকিতে ফেলবে বলে সতর্ক করে তিনি বলেন, সিরিয়া ও লেবাননে তথাকথিত নিরাপত্তা অঞ্চল তৈরির ইসরায়েলি পরিকল্পনা একটি বৃহত্তর সংকটের পূর্বাভাস।

ফোনালাপে তুরস্কের প্রতিরক্ষামন্ত্রী ইয়াসার গুলার ইরানের প্রয়াত নেতা, সামরিক কমান্ডার, বেসামরিক নাগরিক এবং মিনাবে নিহত স্কুলছাত্রদের নিহতের ঘটনায় গভীর শোক প্রকাশ করেন। তিনি যুদ্ধবিরতি সমঝোতা স্মারকের পূর্ণ বাস্তবায়ন এবং কূটনীতি অব্যাহত রাখার পক্ষে সমর্থন জানান।

এছাড়া আঙ্কারা সর্বদা তার প্রতিবেশী দেশগুলোর ভূখণ্ডগত অখণ্ডতাকে সম্মান করে উল্লেখ করে তিনি জানান, সন্ত্রাসবাদ দমন, সীমান্ত নিরাপত্তা জোরদার এবং আঞ্চলিক নানা ইস্যুতে ইরানের সাথে সহযোগিতা বাড়াতে তুরস্ক সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। সূত্র- মেহের নিউজ

---

## এ বিভাগের আরও খবর




**ওমানকে নিয়ে হরমুজে নৌপথ বানাচ্ছে ইরান**

হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলের জন্য একটি অস্থায়ী নৌপথ নির্ধারণে ইরান ও ওমান কাজ করছে বলে জানিয়েছেন ইরানি পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। শাহর...



### বাড়তে পারে মক্কা প্রতিরক্ষা জোটের পরিধি

তুরস্ক, সৌদি আরব ও পাকিস্তানের মধ্যে সম্প্রতি স্বাক্ষরিত মক্কা যৌথ প্রতিরক্ষা চুক্তিতে মিসরও যোগ দিতে পারে বলে জানিয়েছেন তুরস্কের প্রেসিডেন্...



### গাজায় দুই ভবনের ধ্বংসস্তূপে মিললো ২১ ফিলিস্তিনির কঙ্কাল

ফিলিস্তিনের অবরুদ্ধ গাজা উপত্যকার দুটি ক্ষতিগ্রস্ত ভবনের ধ্বংসস্তূপের নিচ থেকে ২১ জন ফিলিস্তিনির দেহাবশেষ (কঙ্কাল) উদ্ধার করেছে উদ্ধারকারী দ...




### ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...


Copyright Dhaka Probe


অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/tursk-pakistan-soudi-mishrke-niye-jot-gthner-prstab-iraner